অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

গত ১২ মার্চ ২০২৩ তারিখ দুপুর ০৩.০০ ঘটিকায় শেরে-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কোরিয়ার Ministry of Economy and Finance-এর অধীন Economic Development Promotion Facility (EDPF) হতে ঋণ গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং কোরিয়া সরকারের মধ্যে Letter of Understanding (LoU) and Cooperation Arrangement (C/A) স্বাক্ষরিত হয়। কোরিয়া এবং বাংলাদেশ সরকারের মধ্যে ২০২৩-২০২৭ মেয়াদে ৩.০০ বিলিয়ন মার্কিন ডলারের নমনীয় ঋণ সহায়তার বিষয়ে LoU বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ শরিফা খান এবং কোরিয়া সরকারের পক্ষে Ministry of Economy and Finance এর Deputy Minister for International Affairs, Mr. Seong-wook Kim স্বাক্ষর করেন। এ সংশ্লিষ্ট Cooperation Arrangement (C/A) বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী, অতিরিক্ত সচিব (এশিয়া, জেইসি এবং এফএন্ডএফ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং Korea EximBank-এর পক্ষে Mr. Tae-soo Kim, Executive Director স্বাক্ষর করেন।

কোরিয়া সরকার তাদের উন্নয়ন সহযোগী সংস্থা কোরিয়া এক্সিম ব্যাংকের মাধ্যমে ১৯৯৩ সাল থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির প্রসারে নমনীয় ঋণসহায়তা প্রদান করে আসছে। ইতোমধ্যে কোরিয়া সরকারের সহায়তায় ৬১৯.৭৮ মিঃ মাঃ ডলার ব্যয়ে মোট ১৬টি প্রকল্প সমাপ্ত হয়েছে। এছাড়া ৬১৬.২৮ মিলিয়ন মার্কিন ডলারের ৭ টি প্রকল্প বর্তমানে চলমান রয়েছে। কোরিয়া সরকার এ পর্যন্ত বাংলাদেশকে প্রায় ১.৩১ বিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণের প্রতিশ্রুতি প্রদান করেছেন, যা কোরিয়া সরকারের উন্নয়ন অংশীদার দেশসমূহের মধ্যে ২য় সর্বোচ্চ।

বাংলাদেশ ও কোরিয়া সরকারের মধ্যে স্বাক্ষরিত LoU এবং C/A এর আওতায় EDPF এর মাধ্যমে প্রাপ্ত ০৩.০০ বিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ সহায়তা আগামী ৫ বছর (২০২৩-২০২৭) মেয়াদে বিভিন্ন বৃহৎ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করা হবে।

Ministry of Economy and Finance-এর অধীন Economic Development Promotion Facility (EDPF)-এর সাথে স্বাক্ষরিত LoU এবং C/A-এর আওতায় প্রাপ্ত প্রতিটি প্রকল্পের ঋণ চুক্তির বাৎসরিক সুদের হারের পরিমাণ ১% (নমনীয় ঋণ)। ঋণ পরিশোধের সময়সীমা ০৭ বছর গ্রেস পিরিয়ডসহ ৩০ বছর এবং ম্যানেজমেন্ট ফি ০.৪%। EDPF ঋণের আওতায় প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হবে।

Debi Chanda
১৬/০৩/২০২৩

দেবী চন্দ
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Economic Relations Division
Ministry of Finance

Press Release

The Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Korea has signed a Letter of Understanding (LoU) and Cooperation Arrangement (C/A) on 12 March 13, 2023 to provide soft loan worth of US$ 3.00 billion during the period 2023-2027. Secretary Economic Relations Division (Ms. Sharifa Khan) and Honorable Deputy Minister for International Affairs, Ministry of Economy and Finance Mr. Seong-wook Kim Korea have signed the LoU through correspondence signing. At the same time Mr. Md. Shahriar Kader Siddiky, Additional Secretary (Asia, JEC and F&F), Economic Relations Division and Mr. Tae-soo Kim, Executive Director, Korea Exim Bank also signed the Cooperation Arrangement on behalf of respective countries.

The Korean Government has been providing soft loan through the Economic Development Cooperation Fund (EDCF) for the development of socio-economic, infrastructure and ICT sectors in Bangladesh since 1993. Already sixteen projects worth of US$ 619.78 million hasbeen completed with assistance from the EDCF and another seven projects worth of US$ 616.28 are currently ongoing. Till now total commitment amount from the EDCF is US$ 1.31 billion.This is the second largest amount committed by the Korean Government for its development partner countries.

Under the signed Letter of Understanding (LoU) and Cooperation Arrangement (C/A) Korea will provide US$ 3.00 billion as soft loan through EDPF for the peiod 2023-2027 to implement new mega projects in Bangladesh.

Interest rate of loan agreement of each project to be signed under this LoU and C/A through EDPF program will be 1% with 30 year repayment period including 07 year grace period, Management Fee would be 0.4% and contractors will be appointed through international bidding.

Debi Chanda
13/03/2023
Debi Chanda
Deputy Secretary
Economic Relations Division
Ministry of Finance
Govt. of the People's Republic of Bangladesh